গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নম্বর- ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০২৬.২০১২-২৭৫ তারিখঃ ২৬ ফাল্গুন ১৪৩০ / ১০ মার্চ ২০২৪

বিষয়ঃ ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিক ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সূত্রঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ০৫/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্র সংখ্যার পরিপ্রেক্ষিতে ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিক ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১০/০৩/২০২৪
মোঃ হাবিবুর রহমান
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ:
১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৬। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:
১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন/প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপিঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু সুরক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

**বিষয় : ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃ মন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সিমিন হোসেন (রিমি)এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| স্থান | : | বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ |
| তারিখ | : | ০৫/০৩/২০২৪ খ্রি. |
| সময় | : | সকাল ১০.৩০ টায় |
| উপস্থিতির বিবরণ | : | সংযোজনী- ''ক'' |

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে মন্ত্রণালয়ের সচিব সভাকে অবহিত করেন যে, প্রতিবছর ১৭ মার্চ ২০২৪ জাতির পিতার জন্মদিনে জাতীয় শিশু দিবস হিসেবে উদযাপিত হয়। প্রতিবছরের ন্যায় এ বছরও বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় সাড়ম্বরে উদযাপনের লক্ষ্যে কর্মসূচি নির্ধারণের নিমিত্ত অদ্যকার আন্তঃ মন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিষয়ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র.নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|---|---|
| ১. | ভেন্যু নির্ধারণ | জেলা প্রশাসক, গোপালগঞ্জ ভেন্যু নির্ধারণের বিষয়ে সভাকে অবহিত করেন যে গত ২০২৩ সালের অনুষ্ঠানস্থল ছিল জাতির পিতার সমাধি প্রাঙ্গণের ১নং গেট এর বিপরীত পাশে উন্মুক্ত স্থানে। এ বছরও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ অনুষ্ঠানের ভেন্যু উল্লিখিত উন্মুক্ত স্থানে আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন অনুষ্ঠান জাতির পিতার সমাধি প্রাঙ্গণের ১নং গেট এর বিপরীত পাশে উন্মুক্ত স্থান টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ এ অনুষ্ঠিত হবে। | মশিবিম/<br>জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ২. | প্রধান অতিথির আসন অলংকৃতকরণের সানুগ্রহ অনুমোদন | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কে জাতির পিতার সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ এর আমন্ত্রণ এবং মাননীয় প্রধানমন্ত্রী কে প্রধান অতিথি হিসেবে সদয় আসন অলংকৃত করার জন্য আমন্ত্রণের সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কে জাতির পিতার সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ এর আমন্ত্রণ এবং মাননীয় প্রধানমন্ত্রীকে প্রধান অতিথি হিসেবে সদয় আসন অলংকৃত করার জন্য আমন্ত্রণের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। | মশিবিম |
| ৩. | (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে | (ক) জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক | মন্ত্রিপরিষদ বিভাগ/ সশস্ত্র বাহিনী বিভাগ/ বঙ্গবন্ধু স্মৃতি মেমোরিয়াল ট্রাস্ট<br>ঢাকা সিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এবং কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকাকে অবহিতকরণের বিষয়ে আলোচিত হয়। | অর্পণ করবেন। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য গত ০৩/০৩/২০২৪ তারিখে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এবং কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকাকে পত্র প্রেরণ করা হয়েছে। | কর্পোরেশন (দক্ষিণ/উত্তর) |
| | (খ) মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে পুষ্পস্তবক অর্পণ এবং গার্ড অব অনার প্রদান | সভায় জানানো হয় যে, জাতির পিতার ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ এবং এ উপলক্ষে গার্ড অব অনার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। | (খ) জাতির পিতার ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ ও গার্ড অব অনার প্রদানের বিষয়ে জেলা প্রশাসক গোপালগঞ্জ-কে পত্র প্রেরণ করতে হবে।<br>(গ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ মন্ত্রিপরিষদ বিভাগ ও সশস্ত্র বাহিনী বিভাগের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/ সশস্ত্র বাহিনী বিভাগ/ জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ৪. | জাতীয় শিশু দিবসের অনুষ্ঠানসূচি চূড়ান্তকরণ | প্রস্তাবিত অনুষ্ঠানসূচি মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য সারসংক্ষেপের সাথে প্রেরণ করা হয়েছিল। | প্রস্তাবিত অনুষ্ঠানসূচি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে, যা নিম্নরূপঃ- | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ সশস্ত্র বাহিনী বিভাগ /মহাপরিচালক বাংলাদেশ শিশু একাডেমি/জেলা প্রশাসক, গোপালগঞ্জ |

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস**

**অনুষ্ঠানসূচিঃ-**

**তারিখ: ১৭ মার্চ, ২০২৪ (রবিবার)**

**ভেন্যু: জাতির পিতার সমাধি প্রাঙ্গণ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।**

| সময় (সকাল) | অনুষ্ঠানসূচি |
|---|---|
| ৯.৩০ মি: | আমন্ত্রিত অতিথিদের আসন গ্রহণ |
| ১০.৩০ মি: | মাননীয় প্রধানমন্ত্রীর আগমন |
| ১০.৩২ মি: | পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ |
| ১০.৪০ মি: | স্বাগত বক্তব্য: নাজমা মোবারেক<br>সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ১০.৪৪ মি: | বঙ্গবন্ধু ও শিশু অধিকার বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শনী |
| ১০.৪৯ মি: | শিশু প্রতিনিধির বক্তব্য:<br>-------------------- |
| ১০.৫২ মি: | বিশেষ অতিথির বক্তব্য :<br>সিমিন হোসেন (রিমি) এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ১০.৫৭ মি: | সভাপতির বক্তব্য : শিশু প্রতিনিধি |
| ১১.০০ মি: | • মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার প্রদান<br>• অসচ্ছল, মেধাবী শিশু শিক্ষার্থীদের মধ্যে আর্থিক অনুদান বিতরণ<br>• মাননীয় প্রধানমন্ত্রীকে স্মারক উপহার প্রদান |
| ১১.১৫ মি: | <u>প্রধান অতিথির ভাষণ</u> :<br>শেখ হাসিনা এমপি<br>মাননীয় প্রধানমন্ত্রী<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার |
| - | মাননীয় প্রধানমন্ত্রীর দর্শক সারিতে আসন গ্রহণ |
| - | শিশুদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান (ব্যাপ্তী ২৫ মিনিট) |
| - | মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে শিশু শিল্পীদের ফটোসেশন |
| - | জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত বইমেলা ও সুবিধাবঞ্চিত শিশুদের আঁকা চিত্র প্রদর্শনীর উদ্বোধন |
| - | অনুষ্ঠানের সমাপ্তি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ এ জাতীয় পতাকা উত্তোলন | দিবসটি দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকল সরকারী/ আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলনের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে ২৯/০২/২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে বলে সভায় আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জানান যে পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | দিবসটি দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকল সরকারী/ আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলনের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে গত ২৯/০২/২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জানান যে পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৬. | দিবসের প্রতিপাদ্য নির্ধারণ | শিশুদের জন্য জাতির পিতার আদর্শের অনুপ্রেরণামূলক একটি জাতীয় প্রতিপাদ্য আলোচনাক্রমে নির্ধারণ করা হয়েছে, প্রতিপাদ্যটি নিম্নরূপঃ<br>**"বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে<br>আনব হাসি সবার ঘরে।"**<br>গত ২২/২/২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, সিনিয়র সচিব/ সচিব (সংশ্লিষ্ট), প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি এবং জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর পত্র প্রেরণের আলোচনা হয়। | শিশুদের জন্য জাতির পিতার আদর্শের অনুপ্রেরণামূলক একটি জাতীয় প্রতিপাদ্য আলোচনাক্রমে নির্ধারণ করা হয়েছে, প্রতিপাদ্যটি নিম্নরূপঃ<br>**"বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে<br>আনব হাসি সবার ঘরে।"**<br>গত ২২/২/২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, সিনিয়র সচিব/ সচিব (সংশ্লিষ্ট), প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি এবং জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় / বাংলাদেশ শিশু একাডেমি |
| ৭. | বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার | (ক) সভায় অবহিত করা হয় যে, জেলা ও উপজেলা সদরে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী সপ্তাহব্যাপী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার এবং শিশুদের সাথে বঙ্গবন্ধুর ছবি আর্কাইভ থেকে সংগ্রহ করে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) জেলা ও উপজেলা সদরে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী সপ্তাহব্যাপী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার এবং শিশুদের সাথে বঙ্গবন্ধুর ছবি আর্কাইভ থেকে সংগ্রহ করতঃ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মশিবিম/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/ বাংলাদেশ শিশু একাডেমি /পিআইডি |
| | | (খ) এছাড়াও জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমির ব্যবস্থাপনায় ৫ মিনিট ব্যাপ্তির "বঙ্গবন্ধু ও শিশু অধিকার" বিষয়ক প্রমাণ্যচিত্র প্রস্তুত ও প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা হয়। | (খ) জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিশু একাডেমির ব্যবস্থাপনায় ৫ মিনিট ব্যাপ্তির "বঙ্গবন্ধু ও শিশু অধিকার" বিষয়ক প্রমাণ্যচিত্র প্রস্তুত ও প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | মশিবিম/বাংলাদেশ শিশু একাডেমি |
| ৮. | দূতাবাসসমূহে জাতির পিতার জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন | বাংলাদেশে দূতাবাসসমূহে জাতির পিতার জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও পিআইডিকে | (ক) দূতাবাসসমূহে জাতির পিতার জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার | মশিবিম/পররাষ্ট্র মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় উপস্থিত পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি পোষ্টার, লিফলেট, প্রামাণ্যচিত্র, প্রতিপাদ্য ইত্যাদির ইংরেজি ভার্সন প্রস্তুত করে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | মন্ত্রণালয় ও পিআইডিকে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বিদেশে প্রচারের সুবিধার্থে দিবসের প্রতিপাদ্য, পোষ্টার, স্যুভেনির, প্রামাণ্যচিত্র ইত্যাদির ইংরেজির ভার্সন/সাব-টাইটেল সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মন্ত্রণালয়/ পিআইডি/বাশিএ |
| ৯. | অনুষ্ঠানের পান্ডুলিপি প্রস্তুত | সভায় অনুষ্ঠানের পান্ডুলিপি প্রস্তুত করে জেলা প্রশাসক, গোপালগঞ্জ আগামী ১১/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে আলোচনা হয় । | জেলা প্রশাসক, গোপালগঞ্জ কে অনুষ্ঠানের পান্ডুলিপি প্রস্তুতক্রমে আগামী ১১/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের জন্য প্রেরণ করবেন। | জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ১০. | সাংস্কৃতিক অনুষ্ঠান | জাতীয় শিশু দিবসের প্রতিপাদ্য, বঙ্গবন্ধু ও শিশু অধিকার এবং শিশু উন্নয়নে সরকারের গৃহিত পদক্ষেপের আলোকে শিশুদের পরিবেশনায় সর্বোচ্চ ২৫ মিনিটের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন বিষয়ে আলোচনা হয়। | জাতীয় শিশু দিবসের প্রতিপাদ্য, বঙ্গবন্ধু ও শিশু অধিকার এবং শিশু উন্নয়নে সরকারের গৃহিত পদক্ষেপের আলোকে শিশুদের পরিবেশনায় সর্বোচ্চ ২৫ মিনিটের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | মশিবিম/বাংলা দেশ শিশু একাডেমি/ জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ১১. | দিবসের তাৎপর্য প্রচার ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন/বেতারে টক-শোর আয়োজন | এ দিবসের তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন/বেসরকারী টেলিভিশন/এফ,এম রেডিও ও বেতারে টকশো প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ করা যায়। | দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন/বেসরকারী টেলিভিশন/ এফ, এম রেডিও ও বেতারে টকশো প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার |
| ১২. | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী, সচিব মহোদয়ের বাণী/ভাষণ | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বাণী/ভাষণের খসড়া প্রস্তুত করার নিমিত্ত বাংলাদেশ শিশু একাডেমি বরাবর গত ১৫/২/২০২৪ তারিখে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী এবং সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বাণী/ভাষণের খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/<br>বাংলাদেশ শিশু একাডেমি |
| ১৩. | অনুষ্ঠান উপস্থাপনাকারী, শিশু বক্তা, শিশু সভাপতি, ধর্মগ্রন্থসমূহ পাঠকারীদের নামের তালিকা ও স্ক্রীপ্ট প্রস্তুত | জেলা প্রশাসক, গোপালগঞ্জ অনুষ্ঠান উপস্থাপনকারী, শিশু বক্তা, শিশু সভাপতি, ধর্মগ্রন্থসমূহ পাঠকারীদের নামের তালিকা (বিকল্পসহ) ও স্ক্রীপ্ট আগামী ১১/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন মর্মে আলোচনা হয়। | জেলা প্রশাসক, গোপালগঞ্জ অনুষ্ঠান উপস্থাপনাকারী, শিশু বক্তা, শিশু সভাপতি, ধর্মগ্রন্থসমূহ পাঠকারীদের নামের তালিকা (বিকল্পসহ) ও স্ক্রীপ্ট আগামী ১১/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন । | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ১৪. | মাননীয় প্রধানমন্ত্রীকে স্মারক উপহার প্রদান | মাননীয় প্রধানমন্ত্রীকে স্মারক উপহার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর প্রতিনিধি জানান, জেলার ঐতিহ্যবাহী পণ্য ব্রোঞ্জ এর তৈরী উপহার সামগ্রী মাননীয় প্রধানমন্ত্রীকে স্মারক উপহার হিসাবে প্রদানের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। | জেলা প্রশাসন, গোপালগঞ্জ মাননীয় প্রধানমন্ত্রীকে স্মারক উপহার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ১৫. | দেশব্যাপী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | দেশব্যাপী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ শিশু একাডেমি বরাবর পত্র দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে দেশব্যাপী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ শিশু একাডেমি বরাবর পত্র প্রেরণ করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | বই মেলা ও চিত্র প্রদর্শনীর আয়োজন | জাতির পিতা এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসক গোপালগঞ্জ জানান যে ৩দিন ব্যাপী বই মেলায় অংশ গ্রহনের জন্য ১২টি প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা হয়। পাশাপাশি বজলুল হক ফাউন্ডেশন কর্তৃক শিশু শিল্পী ও সুবিধাবঞ্চিত শিশুদের আঁকা ছবি নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | জাতির পিতা এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসক গোপালগঞ্জ জানান যে ৩দিন ব্যাপী বই মেলায় অংশগ্রহণের জন্য ১২টি প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দ এবং বজলুল হক ফাউন্ডেশন কর্তৃক শিশু শিল্পী ও সুবিধাবঞ্চিত শিশুদের আঁকা ছবি নিয়ে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | জেলা প্রশাসক গোপালগঞ্জ/ বাংলাদেশ শিশু একাডেমি |
| ১৭. | মেধাবী অস্বচ্ছল শিশুদের আর্থিক অনুদান প্রদান | জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে ১০৪ জন অসচ্ছল, মেধাবী শিশু শিক্ষার্থীদের তালিকা অনুযায়ী প্রত্যেককে ৫,০০০/-টাকা হারে (৫,০০০×১০৪)=৫,২০,০০০/- (পাঁচ লক্ষ বিশ হাজার) টাকার গত ২৩/০১/২০২৪ তারিখে প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে অর্থ ছাড় করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | (ক) জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে ১০৪ জন অসচ্ছল, মেধাবী শিশু শিক্ষার্থীদের প্রত্যেককে ৫,০০০/-টাকা হারে (৫,০০০×১০৪)= ৫,২০,০০০/- (পাঁচ লক্ষ বিশ হাজার) টাকার গত ২৩/০১/২০২৪ তারিখে প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৩/০৩/২০২৪ তারিখে মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে অর্থ ছাড় করা হয়েছে।<br>(খ) এর মধ্যে ০২ জন শিক্ষার্থীকে মনোনয়নপূর্বক তাদের নাম, ঠিকানা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে, যারা সরাসরি মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে অনুদান গ্রহণ করবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ১৮. | মঞ্চে উপবিষ্ট অতিথিদের জন্য ফোল্ডার প্রস্তুত | জেলা প্রশাসক, গোপালগঞ্জ মঞ্চে উপবিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীসহ অন্যান্য অতিথিদের ফোল্ডার প্রস্তুত আগামী ১১/০৩/২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে সভায় আলোচনা হয়। | জেলা প্রশাসক গোপালগঞ্জ মাননীয় প্রধানমন্ত্রীসহ মঞ্চে উপবিষ্ট অন্যান্য অতিথিদের জন্য ফোল্ডার প্রস্তুত করে আগামী ১১/০৩/২০২৪ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ১৯. | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে ১৭ মার্চ ২০২৪ তারিখে সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৩/০১/২০২৪ তারিখে প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরনের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে ১৭মার্চ ২০২৪ তারিখে সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে গত ০৩/০৩/২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ২০. | ইশারা ভাষা উপস্থাপনকারীদের নামের তালিকা | ইশারা ভাষায় উপস্থাপনকারীদের নামের তালিকা প্রেরণের জন্য গত ২৯/২/২০২৪ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন বরাবর পত্র প্রেরণে বিষয়ে আলোচনা হয়। | অনুষ্ঠানে ইশারা ভাষায় উপস্থাপনকারীদের নামের তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ২১. | শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন *উপলক্ষ্যে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আগামী ১৭ মার্চ ২০২৪* তারিখে আলোচনা অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন *উপলক্ষ্যে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আগামী ১৭ মার্চ ২০২৪* তারিখে আলোচনা অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৩/০১/২০২৪ তারিখের প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৩/০৩/২০২৪ তারিখে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ২৩/০১/২০২৪ তারিখের প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৩/০৩/২০২৪ তারিখে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | |
| ২২. | দাওয়াত কার্ড ও খামের নমুনা | মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি আমন্ত্রিত অতিথিদের দিবসের দাওয়াত কার্ড ও খামের নমুনা প্রস্তুত এবং অনুমোদন গ্রহণের জন্য আগামী ১০/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে মর্মে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ শিশু একাডেমি দাওয়াত কার্ড ও খামের নমুনা প্রস্তুতপূর্বক অনুমোদন গ্রহণের জন্য আগামী ১০/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি |
| ২৩. | এসএমএস প্রেরণ | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪, সাধারণ জনগণকে অবহিত করার লক্ষ্যে মোবাইলে এসএমএস প্রদানের বিষয় এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিসিএল) বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪, সাধারণ জনগণকে অবহিত করার লক্ষ্যে মোবাইলে এসএমএস প্রদান এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিসিএল) বরাবর পত্র প্রেরণ করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ বিটিসিএল |
| ২৪. | বিটিভি, বাংলাদেশ বেতার, টিভি চ্যানেল, কমিউনিটি রেডিও/ এফএম ব্যান্ডে সরাসরি সম্প্রচার | জাতির পিতা বঙ্গবন্ধু এঁর ১০৪তম ও জাতীয় শিশু দিবস ২০২৪ এর অনুষ্ঠান/কার্যক্রম জনসাধারণের প্রদর্শন ও শ্রবণের জন্য বিটিভি, বাংলাদেশ বেতার, অন্যান্য টিভি চ্যানেল, কমিউনিটি রেডিও/এফএম ব্যান্ডে প্রচারের বিষয়ে গত ২৩/০১/২০২৪ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী গত ০৩/০৩/২০২৪ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ এর অনুষ্ঠান/কার্যক্রম বিটিভি, বাংলাদেশ বেতার, অন্যান্য টিভি চ্যানেল, কমিউনিটি রেডিও/এফএম ব্যান্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৩/০৩/২০২৪ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| ২৫. | সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত | বঙ্গবন্ধুর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে গত ২৩/০১/২০২৪ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা শিক্ষা বিভাগ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে গত ০৩/০৩/২০২৪ তারিখে পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বঙ্গবন্ধুর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি উদযাপন করার জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাদ্রাসা শিক্ষা বিভাগ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর গত ০৩/০৩/২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ মাধ্যমি ও উচ্চশিক্ষা বিভাগ/ কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২৬. | ঢাকার গুরুত্বপূর্ণ সড়ক, সড়কদ্বীপ ইত্যাদি সাজসজ্জাকরণ | বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণ, দোয়েল চত্বর, আবদুল গণি রোড, শিক্ষা ভবন মোড়, সচিবালয় সহ ঢাকা শহরের প্রধান প্রধান সড়ক, সড়কদ্বীপ, ফুটপাথ, সাজসজ্জাকরণ এবং গুরুত্বপূর্ণ ভবন ও স্থাপনাসমূহে সরকারের আর্থিক সাশ্রয় নীতি অনুসরণপূর্বক আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণের বিষয়ে গত ২০/১/২০২৪ তারিখের প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৩/০৩/২০২৪ তারিখে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণ, দোয়েল চত্বর, আবদুল গণি রোড, শিক্ষা ভবন মোড়, সচিবালয় সহ ঢাকা শহরের প্রধান প্রধান সড়ক, সড়কদ্বীপ, ফুটপাথ, সাজসজ্জাকরণ এবং গুরুত্বপূর্ণ ভবন ও স্থাপনাসমূহে সরকারের আর্থিক সাশ্রয় নীতি অনুসরণপূর্বক আলোকসজ্জার ব্যবস্থা গ্রহনের বিষয়ে স্থানীয় সরকার প্রতিনিধি জানান যে গত ০৩/০৩/২০২৪ তারিখে পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | বাংলাদেশ শিশু একাডেমি/ জেলা প্রশাসক গোপালগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ০৩/০৩/২০২৪ তারিখে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | তারিখে পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ২৭. | স্মরণিকা প্রকাশ | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস শিশুতোষ লেখকদের লেখা সম্বলিত স্মরণিকা প্রকাশ এবং সম্ভাব্য লেখকদের তালিকা আগামী ১০/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরনের বিষয়ে আলোচনা হয়। | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে শিশুতোষ লেখকদের লেখা সম্বলিত স্মরণিকা প্রকাশ করতে হবে। স্মরণিকা প্রকাশের যাবতীয় প্রস্তুতি আগামী ১০/০৩/২০২৪ তারিখের মধ্যে সম্পন্নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | বাংলাদেশ শিশু একাডেমি |
| ২৮. | গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ | গণভবন থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত চলাচলের সড়ক, মহাসড়ক, পদ্মা সেতুসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনায় জাতীয় শিশু দিবসের আলোকে ব্যানার, ফেষ্টুন, প্লেকার্ড, রংঙিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণের বিষয়ে গত ২৩/১/২০২৪ তারিখে প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ, সড়ক ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, সেতু কর্তৃপক্ষকে গত ০৩/০৩/২০২৪ তারিখে পত্র প্রেরনের বিষয়ে আলোচনা হয়। | (ক) গণভবন থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত চলাচলের সড়ক, মহাসড়ক, পদ্মা সেতুসহ অন্যান্য স্থাপনায় জাতীয় শিশু দিবসের আলোকে ব্যানার, ফেষ্টুন, প্লেকার্ড, রংঙিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, সড়ক ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ এর প্রতিনিধি জানান যে গত ০৩/০৩/২০২৪ তারিখে পত্র প্রেরনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ বাংলাদেশ শিশু একাডেমি/ জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ২৯. | অতিথি তালিকা | বাংলাদেশ শিশু একাডেমি ও জেলা প্রশাসন গোপালগঞ্জ কর্তৃক অতিথি তালিকা প্রস্তুতপূর্বক গত ১৫/২/২০২৪ তারিখে বাংলাদেশ শিশু একাডেমি ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | (ক) বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক অতিথি তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(খ) জেলা প্রশাসন গোপালগঞ্জ কর্তৃক গোপালগঞ্জ প্রান্তের স্থানীয় অতিথি ও কর্মকর্তাবৃন্দের তালিকা প্রস্তুতপূর্বক আগামী ১০/০৩/২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানানো হয়। | বাংলাদেশ শিশু একাডেমি/জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ৩০. | আপ্যায়ন | পবিত্র রমজান মাস-কে বিবেচনায় রেখে অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিশু শিল্পীসহ শিশুদের আপ্যায়ন এবং আগত অতিথিদের প্রয়োজন বিবেচনায় ইফতারী বক্স/আপ্যায়নের বিষয়ে জেলা প্রশাসক, গোপালগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। | পবিত্র রমজান মাস-কে বিবেচনায় রেখে অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিশু শিল্পীসহ শিশুদের আপ্যায়ন এবং আগত অতিথিদের প্রয়োজন বিবেচনায় ইফতারী বক্স/আপ্যায়নের বিষয়ে জেলা প্রশাসক, গোপালগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ৩১. | বাজেট বরাদ্দ | দিবস উপলক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ ও বাংলাদেশ শিশু একাডেমি, সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুকুলে বাজেট শাখা হতে অর্থ ছাড়ের বিষয়ে আলোচনা করা হয়। | দিবস উপলক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ ও বাংলাদেশ শিশু একাডেমি, সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুকুলে বাজেট শাখা গত ০৩/০৩/২০২৪ তারিখে অর্থ ছাড় করা হয়েছে। | বাংলাদেশ শিশু একাডেমি/ জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ৩২. | কোভিড টেষ্ট ব্যবস্থাপনা | (ক) কোভিড সংক্রান্ত স্বাস্থ্য মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশিকা অনুসরণে ঢাকা থেকে গমনকারী ভিআইপি অতিথি ও কর্মকর্তাবৃন্দের জন্য সংশ্লিষ্ট উপকমিটি কোভিড টেস্টের যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে। | (ক) ঢাকা থেকে গমণকারী ভিআইপি অতিথি ও কর্মকর্তাদের জন্য সংশ্লিষ্ট উপকমিটি কোভিড টেস্টের যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে। বাংলাদেশ শিশু একাডেমির প্রাঙ্গনে প্রয়োজনীয় সংখ্যক বুথ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কোভিড টেস্ট উপকমিটি/জেলা প্রশাসক, গোপালগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাংলাদেশ শিশু একাডেমির প্রাঙ্গনে প্রয়োজনীয় সংখ্যক বুথ স্থাপনের বিষয়ে আলোচনা হয় এবং<br><br>(খ) গোপালগঞ্জ প্রান্তের স্থানীয় অতিথি ও কর্মকর্তাবৃন্দের কোভিড টেষ্ট ব্যবস্থাপনার জন্য জেলা প্রশাসন গোপালগঞ্জ স্থানীয়ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়েও আলোচনা হয়। এ প্রেক্ষিতে জেলা প্রশাসক, গোপালগঞ্জ জানান যে, সিভিল সার্জন অফিস, গোপালগঞ্জে পর্যাপ্ত কোভিড টেস্টের কীট না থাকার বিষয়টি সভাকে অবহিত করেন। বর্ণিত বিষয়ে স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি জানান যে, গোপালগঞ্জের চাহিদা অনুযায়ী কীট সরবরাহের জন্য স্বাস্থ্য বিভাগে পত্র প্রেরণ করা হলে স্বাস্থ্য বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | (খ) গোপালগঞ্জ প্রান্তের স্থানীয় অতিথি ও কর্মকর্তাবৃন্দের কোভিড টেষ্ট ব্যবস্থাপনার জন্য জেলা প্রশাসন গোপালগঞ্জ স্থানীয়ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সিভিল সার্জন অফিস, গোপালগঞ্জে পর্যাপ্ত কোভিড টেষ্টের কীট না থাকায় প্রয়োজনীয় সংখ্যক কোভিড টেষ্ট কীট গোপালগঞ্জে সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ/ জেলা প্রশাসক, গোপালগঞ্জ/ সিভিল সার্জন, গোপালগঞ্জ |
| ৩৩. | পোস্তগোলা ব্রীজের সংস্কার কাজ সংক্রান্ত | পোস্তগোলা ব্রীজের চলমান সংস্কার কাজ ০৮ মার্চ ২০২৪ তারিখের মধ্যে সমাপ্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। | পোস্তগোলা ব্রীজের চলমান সংস্কার কাজ ০৮ মার্চ ২০২৪ তারিখের মধ্যে সমাপ্তির ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কে অনুরোধ জানানো হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ৩৪. | এসবি পাস ইস্যুকরণ | এসবি পাশ ইস্যু এর জন্য তালিকা প্রস্তুত করতে হবে এবং তা জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবরে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | এসবি পাশ ইস্যু এর জন্য তালিকা প্রস্তুত করে জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবরে প্রেরণ করতে হবে। | জেলা প্রশাসক গোপালগঞ্জ |
| ৩৫. | কমিটি/উপকমিটি গঠন | কমিটি/উপকমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয় ! | গত ২৩/০১/২০২৪ তারিখ প্রস্তুতি মূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটি/উপকমিটি গঠন করা হয়েছে এবং গত ১৩/০২/২০২৪ তারিখে অফিস আদেশ জারি করা হয়েছে। | |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সিমিন হোসেন
০৩/০৩/২৪
সিমিন হোসেন (রিমি) এম.পি
প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২৩.০০১.২৩.৭৫

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়
১১. সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা
১৩. চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা
১৪. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা), ২৭৫/জি, রোড নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
১৫. মহাপরিচালক (গ্রেড -১), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
১৬. অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
১৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/দক্ষিন সিটি কর্পোরেশন, ঢাকা।
১৯. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ বেইলী রোড, ঢাকা
২০. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা
২২. যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. জেলা প্রশাসক, গোপালগঞ্জ
২৪. উপসচিব (প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয় উইং),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (শিশু ও সমন্বয় উইং),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

১০।৩।২৪

(মোসাঃ সালমা আকতার)
সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৮৮০৮৯
e-mail-sasshishu500@gmail.com

C:\Users\User\Desktop\jatio shishu dibosh-2024\karjobiborony.docx